

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

৯ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ২৪ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.১৮.১৮৯.২৪.৪৩৭

বিষয়: ইপিএস ফ্যাশন লিমিটেড এর অনুকূলে ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইপিএস ফ্যাশন লিমিটেড, অফিস ও কারখানাঃ হোল্ডিং নং-০৬, প্লট নং-৭০, হারিকেন রোড, শরিফপুর, ভাড়ারী পাড়া, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর নামক শিল্প প্রতিষ্ঠানটি স্থানীয় বিনিয়োগে বস্ত্র শিল্প প্রতিষ্ঠান হিসেবে বস্ত্র অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত। যার নিবন্ধন সংখ্যা-আরএমজি/ইআপি ০০০৭৭৫-২১, তারিখঃ ০৭/০১/২০২১ খ্রিস্টাব্দ এবং শিল্প উপখাতঃ তৈরী পোশাক (নীট)। প্রতিষ্ঠানটির অনুকূলে ১ম এডহক শিল্প আই আর সি নং-২৬০৩২৬১২০৫৮-২০২১, তারিখঃ ২২/০২/২০২১ খ্রিস্টাব্দ জারী করা হয়। প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষ বিভিন্ন অসুবিধার কারণে ১ম এডহক সুবিধার বিপরীতে কাঁচামাল আমদানি করতে না পারায় কারখানা কর্তৃপক্ষ ২য় এডহক শিল্প আইআরসি সুবিধার অনুকূলে কাঁচামাল আমদানির সুবিধা প্রদানের আবেদন জানালে তাদের দাখিলকৃত কাগজপত্রাদি পরীক্ষা-নিরীক্ষার পর কারখানাটির অনুকূলে বার্ষিক ও ষাণ্মাসিক আমদানি স্বত্ব নির্ধারণ ব্যতিরেকে ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, রপ্তানিমুখী শিল্প হিসেবে প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ এর বিধি বিধান যথাযথভাবে পালন করতে হবে।

২। অতএব, উল্লেখিত বর্ণনার প্রেক্ষিতে বর্তমান আমদানি নীতি আদেশ ও অন্যান্য সরকারী নিয়মনীতি প্রতিপালন স্বাপে ক্ষে ইপিএস ফ্যাশন লিমিটেড এর অনুকূলে কাঁচামাল (নিষিদ্ধ পণ্য ব্যতীত এবং শর্তযুক্ত পণ্য শর্ত প্রতিপালন সাপে ক্ষে) আমদানির জন্য কারখানাটির অনুকূলে বার্ষিক ও ষাণ্মাসিক আমদানি স্বত্ব নির্ধারণ ব্যতিরেকে ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদান করা হল।

৩। উল্লেখ্য যে, অত্র সুপারিশ পত্র উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আইনগত কোন দায়মুক্তি প্রদান করে না।



২৪-০৯-২০২৪
রাজু আহমেদ
উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬ তলা, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০;
- ২। ব্যবস্থাপনা পরিচালক, ইপিএস ফ্যাশন লিমিটেড, অফিস ও কারখানাঃ হোল্ডিং নং-০৬, প্লট নং-৭০, হারিকেন রোড, শরিফপুর, ভাড়ারী পাড়া, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
- ৩। কমিশনার, কাস্টম বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা;
- ৪। সহকারি রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য) এবং
- ৫। ওয়ানস্টপ সার্ভিস, বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

